


বাংলাদেশ গ্রন্থাগার সমিতি নির্বাচন-২০১৭ (২০১৮-২০২০ কার্যকালের) উপলক্ষে প্রণীত  
নির্বাচনী আচরণ বিধি ও নিয়মাবলী (গঠনতন্ত্রের ১৮(গ) অনুচ্ছেদ অনুযায়ী)


১. ল্যাব নির্বাচন ২০১৭ কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে একই দিনে প্রধান নির্বাচন কর্মকর্তার অধীনে অনুষ্ঠিত হবে।
২. ল্যাব নির্বাচন ২০১৭ এর বিভিন্ন পদের মনোনয়ন পত্রের মূল্য নিম্নরূপ;

ল্যাব কাউন্সিল			বিভাগীয় কার্যনির্বাহী পরিষদ		
অনুচ্ছেদ	পদের নাম	মনোনয়ন পত্রের মূল্য	অনুচ্ছেদ	পদের নাম	মনোনয়ন পত্রের মূল্য
১৪.১	সভাপতি	৫,০০০/-	৯.ক	সভাপতি (পদাধিকারবলে) বিভাগীয় কাউন্সিলর	-
১৪.২	সহ-সভাপতি	৫,০০০/-	৯.খ	সহ-সভাপতি	২,০০০/-
১৪.৩	মহাসচিব	৫,০০০/-	৯.গ	সাধারণ সম্পাদক	২,০০০/-
১৪.৪	কোষাধ্যক্ষ	৫,০০০/-	৯.ঘ	কোষাধ্যক্ষ	২,০০০/-
১৪.৫	যুগ্ম-মহাসচিব	৩,০০০/-	৯.ঙ	যুগ্ম- সাধারণ সম্পাদক	১,০০০/-
১৪.৬	সাংগঠনিক সম্পাদক	৩,০০০/-	৯.চ	সাংগঠনিক সম্পাদক	১,০০০/-
১৪.৭	গবেষণা ও প্রকাশনা সম্পাদক	৩,০০০/-	৯.ছ	প্রচার ও সাংস্কৃতিক সম্পাদক	১,০০০/-
১৪.৮	মহিলা বিষয়ক সম্পাদক	৩,০০০/-	৯.জ	মহিলা বিষয়ক সম্পাদক	১,০০০/-
১৪.৯	কাউন্সিলর (কেন্দ্রীয়) ৫ জন	৩,০০০/-	৯.ঝ	কার্যনির্বাহী সদস্য ৬জন	১,০০০/-
১৪.১০	কাউন্সিলর (বিভাগীয়) ৮ জন	৩,০০০/-	৯.ঞ	অধিভুক্ত জেলা সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক (পদাধিকারবলে)	-

৩. ছবিযুক্ত ভোটার তালিকায় ছবি ও মোবাইল নম্বর দিয়ে ভোটার সনাক্তকরণ করা হবে। যদি কোন ভোটারের ছবি বা মোবাইল নম্বর না থাকে সেক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র প্রদর্শন করে ভোট দেয়া যাবে।
৪. ভোটার তালিকায় ভোটারের ঠিকানা যে বিভাগের তালিকায় দেয়া আছে তিনি শুধুমাত্র ঐ বিভাগেই ভোটারাধিকার প্রয়োগ করতে পারবেন। এক বিভাগের সদস্য অন্য বিভাগের কাউন্সিলরদের ভোট প্রদান করতে পারবেন না।



- গঠনতন্ত্রের উপবিধির ১৩ অনুচ্ছেদ অনুযায়ী বিভাগীয় সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে ভোটারাধিকার প্রয়োগের ক্ষেত্রে স্ব স্ব বিভাগের আলাদা ভোটার হতে হবে।
৫. ল্যাব নির্বাচন ২০১৭ প্যানেলভুক্তভাবে বা স্বতন্ত্রভাবে করা যাবে। বিভাগীয় কাউন্সিলর (সকল বিভাগ) পদে কেন্দ্রীয় প্যানেলভুক্ত থাকলে তিনি বিভাগের অন্যান্য পদের নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না।
৬. নির্বাচনে কোন প্রার্থী বা প্যানেলের বিরুদ্ধে কোন মাধ্যমে কোন প্রকার কুৎসা রটানো বা অপবাদ প্রচার করা যাবে না।
৭. ল্যাব নির্বাচনে কোন স্বতন্ত্র বা প্যানেলভুক্ত প্রার্থী তার নির্বাচনী প্রচারণায় কোন রাজনৈতিক দলের পরিচয়, ব্যক্তির/রাজনৈতিক ব্যক্তিত্বের ছবি, দলীয় শ্লোগান এবং কোন ধর্মীয় বিষয় অন্তর্ভুক্ত করতে পারবেন না।
৮. ভোট কেন্দ্রের ৫০ গজের মধ্যে কোন প্যানেল বা প্রার্থী কোন নির্বাচনী ক্যাম্প/অফিস/প্যাভেল স্থাপন করতে পারবেন না।
৯. প্রধান নির্বাচন কর্মকর্তা প্রয়োজনে কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে সদস্যদের সাথে নির্বাচন বিষয়ে মতবিনিময় করবেন। মতবিনিময়ে গঠনতন্ত্রের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন উত্তম মতামত/প্রস্তাব পাওয়া গেলে তা নির্বাচনী আচরণবিধি ও নিয়মাবলীতে সন্নিবেশিত করতে পারবেন।
১০. নির্বাচনে অংশগ্রহণ বা প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে সমিতির গঠনতন্ত্রের বিধানাবলী মেনে চলতে হবে।
১১. নির্বাচনে কোন প্রার্থী উপরে বর্ণিত আচরণবিধির যে কোন বিধি লংঘন করলে প্রধান নির্বাচন কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট বিভাগীয় নির্বাচন কর্মকর্তা প্রধান নির্বাচন কর্মকর্তার সঙ্গে পরামর্শক্রমে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করতে পারবেন।



২২/১০/১৭  
(অধ্যাপক ড. মো: মশিউর রহমান)

প্রধান নির্বাচন কর্মকর্তা,  
বাংলাদেশ গ্রন্থাগার সমিতি নির্বাচন ২০১৭

এবং

অধ্যাপক

সমাজবিজ্ঞান বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় ও

উপ-উপাচার্য (প্রেষণে)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর